

অফিস আদেশ


বিষয় : জেলা পরিষদ, লালমনিরহাট এর মালিকানাধীন লালমনিরহাট জেলার ০৩(তিন)টি অডিটোরিয়াম/মিলনায়তনের ইজারা বিজ্ঞপ্তি প্রসঙ্গে।

সূত্র : জেলা পরিষদের ইজারা বিজ্ঞপ্তি স্মারক নং জেপ/লাল/২০২৪/৪৪৯ তারিখ: ০৮/০৯/২০২৪ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ, লালমনিরহাট এর মালিকানাধীন লালমনিরহাট জেলার ক) সদর উপজেলায় অবস্থিত ৫০০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম-কাম কমিউনিটি সেন্টার, খ) জেলা সদরের পুরাতন মিলনায়তন এবং গ) পাটগ্রাম উপজেলায় অবস্থিত ৫০০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম-কাম মাল্টিপারপাস হল সূত্রোক্ত স্মারক পত্রে ০৩(তিন) বছর মেয়াদে পরিচালনার জন্য ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

২। জেলা পরিষদ, লালমনিরহাট এর মালিকানাধীন লালমনিরহাট জেলার ক) সদর উপজেলায় অবস্থিত ৫০০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম-কাম কমিউনিটি সেন্টার, এবং গ) পাটগ্রাম উপজেলায় অবস্থিত ৫০০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম-কাম মাল্টিপারপাস হল ০২টির অনুকূলে প্রাপ্ত দরপত্রসমূহ জেলা পরিষদ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত না হওয়ায় প্রকাশিত ইজারা বিজ্ঞপ্তি মোতাবেক পুনরায় সিডিউল ফরমপূর্বক "৩য় দফায়" দরপত্র কার্যক্রমে অংশ গ্রহণের জন্য আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুরোধ করা হলো।

৩। জেলা পরিষদ, লালমনিরহাট এর মালিকানাধীন জেলা সদরের পুরাতন মিলনায়তন হলটি ইজারার ক্ষেত্রে প্রাপ্ত দরপত্র সমূহের মধ্যে সর্বোচ্চ দরদাতা জনাব মোঃ ময়নুল ইসলাম, পিতা: মৃত আবু বক্কর সিদ্দিক, সাং: বিডিআরহাট, লালমনিরহাট এর দাখিলকৃত দর মূল্যায়ন কমিটি কর্তৃক অনুমোদনের জন্য সুপারিশ করা হয়েছে। যা জেলা পরিষদ কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্ত ভাবে অনুমোদিত হয়েছে। প্রকাশিত ইজারা বিজ্ঞপ্তির ২নং শর্ত মোতাবেক সর্বোচ্চ দরদাতাকে ডাকমূল্যের উপর ১০% নিরাপত্তা জামানত আগামী ২৩/১০/২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে পরিশোধ পূর্বক কার্যাদেশ প্রাপ্তি সাপেক্ষে জেলা পরিষদ, লালমনিরহাটের সাথে চুক্তিপত্র সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।


16/10/24

(মোঃ ফিরোজ হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভা.)
জেলা পরিষদ, লালমনিরহাট।
ফোন-০২৫৮৯৯৮৬৮৩৪

ই-মেইল: zillaparishadlmh@yahoo.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
- ৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
- ৫। প্রশাসক, জেলা পরিষদ, লালমনিরহাট।
- ৬। পুলিশ সুপার, লালমনিরহাট।
- ৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।
- ৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ/গণপূর্ত, লালমনিরহাট।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। [বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো]
- ১০। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, লালমনিরহাট।
- ১১। অফিসার ইনচার্জ, সকল থানা, লালমনিরহাট।
- ১২। সভাপতি/সম্পাদক, চেম্বার অব-কমার্স, লালমনিরহাট।
- ১৩। সিএ টু প্রশাসক, জেলা পরিষদ, লালমনিরহাট। [ওয়েবসাইটে প্রকাশের জন্য]
- ১৪। জনাব.....।
- ১৫। অফিস কপি।